



00000000000000000000  
0000000000 00 000000

**Job Category:** Administration/General  
Management

**Job Source:** 000000 0000000000

## Job Summary

**Posted On:** 27 Jan 2025

**Application Deadline:**20 Feb 2025







# বাংলাদেশ চা বোর্ড

চা বাগান ব্যবস্থাপনা কোষ

প্রধান কার্যালয়

১৭১-১৭২ বায়েজিদ বোস্তামী রোড

নাসিরাবাদ, চট্টগ্রাম।



"বেশি বেশি চা পান করুন  
স্বাস্থ্য সুন্দর সতেজ রাখুন"।


## নিয়োগ বিজ্ঞপ্তি

"বেশি বেশি লিকার চা পানে  
ক্যান্সার, হৃদরোগ হার মানে"।

বাংলাদেশ চা বোর্ড নিয়ন্ত্রিত ও পরিচালিত মৌলভীবাজার জেলায় অবস্থিত বিভিন্ন চা বাগানের জন্য নিম্নবর্ণিত পদে নিয়োগের নিমিত্ত বাংলাদেশী নাগরিক হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রম নং	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা
১	মহাব্যবস্থাপক	আলোচনাসাপেক্ষে	০১টি	<ul style="list-style-type: none"> <li>প্রার্থীর যে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে সম্মানসহ ৪ (চার) বছরের স্নাতক ডিগ্রী অথবা ২য় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। তবে কৃষি/উদ্ভিদ বিজ্ঞান/ চা চাষ সংক্রান্ত বিষয়ে ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স ন্যূনতম ৪৫ বছর।</li> <li>প্রার্থীর চা চাষ, চা উৎপাদন, চা প্রক্রিয়াজাতকরণ, বাজারজাতকরণ ও চা বাগান ব্যবস্থাপনার ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।</li> <li>প্রার্থীকে কোন প্রতিষ্ঠিত চা বাগানে ব্যবস্থাপক পদে কমপক্ষে ৫ (পাঁচ) বছর এবং উপব্যবস্থাপক/ সহকারী ব্যবস্থাপক পদে কমপক্ষে ৫ (পাঁচ) বছরসহ ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে দক্ষ ব্যক্তিগণের ক্ষেত্রে অভিজ্ঞতার সময়সীমা শিথিলযোগ্য।</li> <li>প্রার্থীর শ্রম আইন, কর আইন, জমি বিষয়ক আইন, কর্পোরেট আইন, সিকিউরিটিস আইন, কোম্পানী আইনসহ প্রাসঙ্গিক অন্যান্য আইন ও বিধিবিধান সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। তাকে নেগোশিয়েশনে দক্ষ এবং আকর্ষণীয় ব্যক্তিত্বসম্পন্ন ও সদালাপী হতে হবে।</li> </ul>
২	উপব্যবস্থাপক	আলোচনাসাপেক্ষে	০২ টি	<ul style="list-style-type: none"> <li>ন্যূনতম স্নাতক পাশ। বিএসসি (সম্মান), এমএসসি-উদ্ভিদ বিজ্ঞান/ মুক্তিকা বিজ্ঞান/ কৃষিতত্ত্ব/ ফরেস্ট্রি বিষয়ে ডিগ্রীধারী ব্যক্তিগণকে অগ্রাধিকার দেওয়া হবে। বয়স অন্তর্ধ ৪০ বছর।</li> <li>সহকারী ব্যবস্থাপক/ উপব্যবস্থাপক হিসাবে কোন প্রতিষ্ঠিত চা বাগানে ন্যূনতম ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।</li> <li>নিয়োগের পরবর্তী ১২ (বার) মাস দক্ষতার সাথে সন্তোষজনকভাবে চাকুরি করতে পারলে ব্যবস্থাপক পদে উন্নীত করা হবে।</li> </ul>
৩	সহকারী ব্যবস্থাপক (মাঠ)	২৩,০০০-৫৫,৪৭০ টাকা স্কেলে বাংলাদেশ চা বোর্ডের অনুমোদিত হারে বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন	০১ টি	<ul style="list-style-type: none"> <li>ন্যূনতম স্নাতক পাশ। বিএসসি (অনার্স)- উদ্ভিদ বিজ্ঞান/ মুক্তিকা বিজ্ঞান/ কৃষিতত্ত্ব বিষয়ে ডিগ্রীধারী ব্যক্তিগণকে অগ্রাধিকার দেওয়া হবে। বয়স ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।</li> </ul>
৪	সহকারী ব্যবস্থাপক (কারখানা)	২৩,০০০-৫৫,৪৭০ টাকা স্কেলে বাংলাদেশ চা বোর্ডের অনুমোদিত হারে বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন	০১ টি	<ul style="list-style-type: none"> <li>বিএসসি / ডিপ্লোমা (মেকানিকাল ইঞ্জিনিয়ার) বিষয়ে ডিগ্রী থাকতে হবে। বয়স ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।</li> <li>সহকারী ব্যবস্থাপক (কারখানা) এর ক্ষেত্রে কোন প্রতিষ্ঠিত চা বাগানের কারখানায় ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।</li> </ul>

- ১। দরখাস্তে প্রার্থীর পুরো নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স (২১/০১/২০২৫খ্রি. তারিখে), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা ও ধর্ম লিপিবদ্ধ করতে হবে।
- ২। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) এর সত্যায়িত চিত্রলিপি আবেদনের সহিত সংযুক্ত করতে হবে। চূড়ান্ত মৌখিক পরীক্ষার সময় উক্ত মূল সনদপত্র সংগে আনতে হবে।
- ৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ ওয়ার্ড কমিশনার এর নিকট হতে জাতীয়তা সনদ এবং প্রথম শ্রেণীর গেজেটেড অফিসারের নিকট হতে চারিত্রিক সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি আবেদনের সহিত দাখিল করতে হবে।
- ৪। বৈধ কাগজপত্র ও সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবিসহ আবেদন সচিব, বাংলাদেশ চা বোর্ডকে সম্বোধন করে আগামী ২০/০২/২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন দাখিল করতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।
- ৫। আবেদনপত্রের সাথে সচিব, বাংলাদেশ চা বোর্ড এর অনুকূলে ২০০/- (দুইশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার দাখিল করতে হবে।
- ৬। অসম্পূর্ণ দরখাস্ত সন্ন্যাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনের সহিত সংযুক্ত কোন কিছুই ফেরতযোগ্য নহে।
- ৭। আবেদনের সহিত প্রার্থীর নিজ নাম ও বর্তমান ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ টাকার মূল্যমানের ডাকটিকিটসহ ৯.৫ X ৪.৫ ইঞ্চি বিশিষ্ট ১টি ফেরত খাম সংযুক্তাকারে প্রেরণ করতে হবে।
- ৮। লিখিত ও মৌখিক পরীক্ষায় যাতায়াতের জন্য কোন প্রকার টি.এ / ডি.এ প্রদান করা হবে না।
- ৯। বাংলাদেশ চা বোর্ড নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংশোধন/ বাতিল করা এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১০। যে কোন ভদবিধি/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

  
চেয়ারম্যান

স-১৪২ (১০x৩)

বাংলাদেশ চা বোর্ড এর পক্ষে সচিব